**উপজেলা পরিষদ কার্যালয়**
**উখিয়া, কক্সবাজার**

| | |
|---|---|
| বিষয় | : উপজেলা মাধ্যমিক ও মাদ্রসা শিক্ষা কমিটির সভার কার্যবিবরণী |
| সভাপতি | : জাহাঙ্গীর আলম |
| স্থান | : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উখিয়া, কক্সবাজার |
| তারিখ | : ০৯/০২/২০২২ খ্রি. |
| সময় | : বিকাল ০৩.৩০ ঘটিকা |

সভার আলোচ্য বিষয়সমূহ:

১. গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন;
২. উখিয়া উপজেলার চাকবৈঠা উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ শিরোনামে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরি ও দাখিল;
৩. উখিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ের ০৭টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাদক বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা শিরোনামে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরি ও দাখিল;
৪. উখিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ের ০৭টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের বাল্যবিবাহ বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা শিরোনামে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরি ও দাখিল;
৫. বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

২. নং আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, ২০১৭ সালে ১২০ জন ছাত্র-ছাত্রী নিয়ে উখিয়া উপজেলার রাজাপালং ইউনিয়নের প্রত্যন্ত এলাকায় চাকবৈঠা উচ্চ বিদ্যালয়ের যাত্রা শুরু হয়। ০৫ কি. মি. এলাকার মধ্যে কোন উচ্চ বিদ্যালয় না থাকায় দ্রুত ছাত্র-ছাত্রী বেড়ে যাওয়ায় বসার জায়গার সংকুলান হচ্ছে না। এমতাবস্থায় উক্ত বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ করা দরকার। সভায় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং চাকবৈঠা উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ শিরোনামে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নির্দেশিকা অনুযায়ী তৈরি করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

৩. নং আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, উখিয়া মিয়ানমারের সীমান্তবর্তী উপজেলা হওয়ায় এবং সেই সাথে জল ও স্থল পথে যাতায়াতের সুবিধা থাকায় এ অঞ্চল মাদক ও চোরাচালানির ট্রানজিট পয়েন্ট হিসেবে ব্যবহার হয়ে আসছে বলে জনশ্রুতি আছে। বর্তমানে মাদকাসক্তি ও মাদক ব্যবসা উখিয়া উপজেলার জন্য সবচেয়ে চ্যালেঞ্জিং বিষয় হয়ে দাঁড়িয়েছে। ২০১৭ সালের আগস্ট মাসে বলপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের সমাগমে মাদক তথা ইয়াবার ব্যবসা অন্তরালে ঘটছে - এমনটি কেউ কেউ মনে করে থাকেন। এ ছাড়া কোভিড-১৯ এর কারনে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার ফলশ্রুতিতে কোমলমতি ছাত্র-ছাত্রীরা মাদকের ফাঁদে পা দিতে পারে বলে অনেকেই মনে করেন। এমতাবস্থায় উপজেলার গুরুত্বপূর্ণ ০৭টি শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিষয়ে কর্মশালার আয়োজন করতে পারলে মাদকের ভয়াবহতা সম্পর্কে ছাত্র-ছাত্রীরা সচেতন হবে এবং উপজেলার অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এ ধরনের কর্মশালা আয়োজনে উদ্বুদ্ধ হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উখিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ের ০৭টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাদক বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা শিরোনামে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নির্দেশিকা অনুযায়ী তৈরি করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

৪. নং আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আরো বলেন, বাংলাদেশে বিগত বছরগুলোতে নারী ও শিশুর প্রতি সহিংসতা উদ্বেগজনক হারে বাড়ছে। নারী ও শিশুর নিরাপত্তাহীনতার বিষয়টি এখন আমাদের দেশের সার্বিক উন্নয়নের জন্য একটি বড় চ্যালেঞ্জ। উচ্চবিত্ত পরিবার থেকে নিম্নবিত্ত, কোনো অবস্থানেই নিরাপদে নেই নারী ও শিশু। এর ধারাবাহিকতায় উখিয়া উপজেলায় বাল্যবিবাহের হার আশংকাজনক হারে বাড়ছে। এমতাবস্থায় বাল্যবিবাহ রোধকল্পে ছাত্র-ছাত্রীদের সচেতনতা বৃদ্ধি করতে পারলে বাল্যবিবাহের হার শূন্যের কৌঠায় চলে আসবে এবং অদুর ভবিষ্যতে উখিয়া বাল্যবিবাহমুক্ত উপজেলা হিসেবে ঘোষিত হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উখিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ের ০৭টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের বাল্যবিবাহ বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা শিরোনামে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নির্দেশিকা অনুযায়ী তৈরি করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

CamScanner

সমূহঃ

ক. উখিয়া উপজেলার চাকবৈঠা উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ শিরোনামে অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নির্দেশিকা অনুযায়ী তৈরি করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর দাখিল।

খ. উখিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ের ০৭টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাদক বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা শিরোনামে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নির্দেশিকা অনুযায়ী তৈরি করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর দাখিল।

গ. উখিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ের ০৭টি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের বাল্যবিবাহ বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা শিরোনামে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) নির্দেশিকা অনুযায়ী তৈরি করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর দাখিল।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

জাহাঙ্গীর আলম
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, উখিয়া
ও
সভাপতি
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার

CamScanner

# উপজেলা পরিষদ কার্যালয়

## উখিয়া, কক্সবাজার

### উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভার উপস্থিতি'র হাজিরা

তারিখ : ০৯/০২/২০২২ খ্রি.

| ক্রমিক | নাম | পদবী | প্রতিষ্ঠান ও ঠিকানা | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | জাহাঙ্গীর আলম | ভাইস চেয়ারম্যান | উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার | সভাপতি | |
| ২ | — | চেয়ারম্যান | হলদিয়াপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | সদস্য | — |
| ৩ | এম.এম. ছৈয়দ আলম | চেয়ারম্যান | জালিয়াপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | সদস্য | |
| ৪ | মোঃ আবুল হোসাইন সিদ্দিকী | প্রধান শিক্ষক | উখিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়, উখিয়া, কক্সবাজার | সদস্য | |
| ৫ | মোহাম্মদ বদরুল আলম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় উখিয়া, কক্সবাজার | সদস্যসচিব | |